মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন শাখা, ঢাকা এর নিম্নোক্ত ঋণগ্রহীতা, "মেসার্স এশিয়া ট্রেডিং" এর স্বত্বাধিকারী- জনাব মোঃ সজিব আল হাসান, পিতা-মোঃ শরাফত আলী, ব্যবসায়িক ঠিকানাঃ দোকান নং-৪০১ (৪র্থ তলা), মক্কা সার্জিক্যাল মার্কেট, ১৮/২, তোপখানা রোড, থানা-রমনা, ঢাকা এবং ফ্ল্যাট নং-৭/এ, বাড়ী নং-১১, রোড নং-১০, ব্লক-বি, বছিলা, পশ্চিম ধানমন্ডি, থানা-ধানমন্ডি, ঢাকা এবং বাড়ী নং-৩২/৫ (৫ম তলা) উত্তর শহীদবাগ, পোঃ শান্তিনগর, থানা-পল্টন সাবেক মতিঝিল, ঢাকা এর নিকট ১১/১১/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা ৬১,৪০,০০০.০০ (একষট্টি লক্ষ চল্লিশ হাজার) টাকা মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে (১) মোঃ সজিব আল হাসান, পিতা-মোঃ শরাফত আলী ব্যবসায়িক ঠিকানাঃ দোকান নং-৪০১ (৪র্থ তলা), মক্কা সার্জিক্যাল মার্কেট, ১৮/২, তোপখানা রোড, থানা-রমনা, ঢাকা (২) বাসনা খাতুন, স্বামী সজীব আল হাসান, (৩) সৌরভ আল হাসান, পিতা-শরাফত আলী কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে চার্জ ডকুমেন্ট, বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলী:

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৭/১২/২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তার/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করা যাবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এবং পরবর্তী সংশোধনী আইন, ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল:

তফসিল এ: জেলা-ঢাকা, সাব রেজিষ্ট্রি অফিস ও থানা-কেরানীগঞ্জ, মৌজা "আটি" জে.এল নং-সি.এস ও এস.এ ৩৯৩, আর.এস ৪৩; সি,এস খতিয়ান নং-১৯৪, ১৯৪/১ এর সম্পর্কিত দাগ নং-২৪৫০ এস.এ খতিয়ান নং-১৮০ এর সম্পর্কিত দাগ নং-২৪৫০, আর.এস খতিয়ান নং-৫১৭ এর সম্পর্কিত দাগ নং-৩৩১৮, আর.এস মিউটেশন খতিয়ান নং-৫১৭/কাত এর সম্পর্কিত দাগ নং-৩৩১৮, মিউটেশন ও বিভাজন কেস নং-৩৮৭/১৬-১৭ তারিখ-১৪/০৮/২০১৬, জোত নং-৩৬৬৯, জমির পরিমাপ ৬.৫০ শতাংশ: যার উত্তরে: আনোয়ারা বেগমের খালি প্লট, দক্ষিণে: ২৫ ফুট চওড়া ইটের রাস্তা। পূর্বে: আব্দুর রহমান ও সোবহানের খালি প্লট, পশ্চিমে: মোঃ রিয়াজ উদ্দিন কাশেম মিয়ার অস্থায়ী ভবন।

তফসিল বি: জেলা-গাজীপুর, সাব রেজিষ্ট্রী অফিস গাজীপুর সদর, থানা গাজীপুর সদর মৌজা: কুমোন, জে.এল. নং এস.এ ও আর.এস ২২; সি.এস খতিয়ান নং-৭৫ এর সম্পর্কিত দাগ নং ১৫৯, এস.এ. খতিয়ান ১০৯; সম্পর্কিত দাগ নং-১৫৯, আর.এস খতিয়ান নং-১৪৮; সম্পর্কিত দাগ নং ২৪০, আর.এস মিউটেশন খতিয়ান-৬৭৭ সম্পর্কিত দাগ নং-২৪০, (যা ২৫/০৪/২০১৫ ইং তারিখের মিউটেশন ও বিভাজন মামলা নং-৮৫৯:১৬-১৭-এর মাধ্যমে সৃষ্ট); জোত নং-৮৩০; জমির পরিমাপ ১৫.৭৫ শতাংশ: যার উত্তরে: ৬ ফুট চওড়া ইটের সোলিং করা রাস্তা এবং আমান উল্লাহর খালি জমি, দক্ষিণে: মতি খানের পুকুর, পূর্বে: মিলন ঘন্টার অস্থায়ী ছাউনি, পশ্চিমে: মতি খানের পুকুর।

মোট জমির পরিমাণ = (৬.৫০ শতাংশ +১৫.৭৫ শতাংশ) = ২২.২৫ শতাংশ।

পক্ষেঃ ডাইস প্রেসিডেন্ট এবং শাখাপ্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.,
ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন শাখা, ঢাকা। মোবাইল: ০১৭১৩-০৪৯০৯০